

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৮৫

আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৫

রাঞ্জলবাজার আয়ুষ্মান আরোগ্য মন্দিরে স্তন্যদানকারী  
মায়াদের নিয়ে স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচি



স্বাভাবিকভাবে শিশুর সম্পূর্ণ শারীরিক ও মানসিক বিকাশ লাভ করার লক্ষ্যে খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের অধীন রাঞ্জলবাজার আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গত ১৫ জানুয়ারি স্তন্যদানকারী মায়াদের নিয়ে এক স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে উক্ত আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার ভারপারমাউই রাঞ্জল উপস্থিত এলাকার স্তন্যদানকারী মায়াদের মধ্যে নবজাতক শিশুর যত্ন, শিশুকে ৬ মাস পর্যন্ত শুধুমাত্র মায়ের বুকের দুধ খাওয়ানো, শিশুকে স্তন্যপান করানোর কৌশল যেমন-ক্যাঙ্গারু মায়ের যত্ন সম্পর্কে এবং শিশুকে বিভিন্ন রোগ প্রতিরোধক টিকা সম্পর্কে আলোচনা করেন ও শিশুকে নিয়মিত টিকা প্রদানের পরামর্শ দেন। এছাড়াও উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন এমপিডব্লিও রাজেশ সরকার ও আশাকর্মীরা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*